# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৪৭৩

১৬. জিহাদ অধ্যায় (كتاب الجهاد)

পরিচ্ছেদঃ ৪০. খারিজিদের সাথে যুদ্ধ করা প্রসঙ্গে

بَاب فِي قِتَالِ الْخَوَارِجِ

আরবী

أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مَسْلَمَةَ بْنِ قَعْنَبٍ حَدَّثَنَا سُلَيْمَانُ هُوَ ابْنُ الْمُغِيرَةِ عَنْ حُمَيْدِ بْنِ هِلَالٍ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ الصَّامِتِ عَنْ أَبِي ذَرٍّ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِنَّ بَعْدِي مِنْ أُمَّتِي قَوْمًا يَقْرَءُونَ الْقُرْآنَ لَا يُجَاوِزُ حَلَاقِيمَهُمْ يَخْرُجُونَ مِنْ الدِّينِ كَمَا يَخْرُجُ السَّهْمُ مِنْ الرَّمِيَّةِ ثُمَّ لَا يَعُودُونَ فِيهِ هُمْ شَرُّ الْخَلْقِ وَالْخَلِيقَةِ قَالَ سُلَيْمَانُ قَالَ حُمَيْدٌ قَالَ عَبْدُ اللَّهِ بْنُ الصَّامِتِ فَلَقِيتُ رَافِعًا أَخَا الْحَكَمِ بْنِ عَمْرٍو الْغِفَارِيِّ فَحَدَّثْتُهُ هَذَا الْحَدِيثَ قَالَ رَافِعٌ وَأَنَا أَيْضًا سَمِعْتُهُ مِنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ

বাংলা

২৪৭৩. আবু যার রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত। তিনি বলেন, রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, “আমার পর আমার উম্মাত থেকে এমন একটি দল আবির্ভুত হবে - যারা কুরআন পাঠ করবে কিন্তু কুরআন তাদের কণ্ঠনালী অতিক্রম করবে না। তারা দীন থেকে বেরিয়ে যাবে যেমন বেরিয়ে যায় তীর তার লক্ষ্যস্থল ভেদ করে। এরপর তারা আর এতে (দীনে) ফিরে আসবে না। তারা হলো জগতের সবচেয়ে নিকৃষ্ট লোক এবং সবচেয়ে নিকৃষ্ট সৃষ্টি।”রাবী সুলাইমান বলেন, হুমাইদ বলেছেন, আব্দুল্লাহ ইবনু সামিত বলেন, হাকাম ইবনু আমর গিফারীর ভাই রাফিঁর রাদ্বিয়াল্লাহু আনহু সাথে সাক্ষাৎ করলাম। এরপর তার নিকট আমি হাদীসটি উল্লেখ করলাম। তখন রাফি’ রাদ্বিয়াল্লাহু আনহু বললেন, এ হাদীস আমিও রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট শুনেছি।[1]

ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ সহীহ।

তাখরীজ: মুসলিম, যাকাত ১০৬৭।

আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি সহীহ ইবনু হিব্বান নং ৬৭৩৮ তে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ যার আল-গিফারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=82756

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন